# প্রেস বিজ্ঞপ্তি

## জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ

## বিভিন্ন অপরাধে ১৮টি প্রতিষ্ঠানকে ২.৪৭ লক্ষ টাকা জরিমানা

**৩ অক্টোবর ২০১৭ খ্রি:**

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঢাকা বিভাগীয় কার্যালয় ও বিভিন্ন জেলা কার্যালয়ের ৫ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, কিশোরগঞ্জ, কুষ্টিয়া, সিলেট ও হবিগঞ্জে আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক জনাব আফরোজা রহমানের নেতৃত্বে ঢাকা মহানগরীর বাড্ডা এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী ও খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণের অপরাধে দি নিউ বি-বাড়ীয়া বেকারীকে **৬০,০০০/- (ষাট হাজার)** টাকা, অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী ও পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে তাছলিমা বেকারীকে **৩০,০০০/- (ত্রিশ হাজার)** টাকা এবং অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ ও পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে মহানগর ব্রেড এন্ড বিস্কুট ফ্যাক্টরীকে **৮০,০০০/- (আশি হাজার)** টাকাসহ মোট **১,৭০,০০০/- (এক লক্ষ সত্তর হাজার)** টাকা আদায় করা হয়।

কিশোরগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মো: ইব্রাহীম হোসেনের নেতৃত্বে কিশোরগঞ্জের হোসেনপুর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৬,০০০/- (ছয় হাজার)** টাকা, কুষ্টিয়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মো: সেলিমুজ্জামানের নেতৃত্বে কুষ্টিয়ার মিরপুর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **২৫,০০০/- (পঁচিশ হাজার)** টাকা, সিলেট জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মো: জাহাঙ্গীর আলমের নেতৃত্বে সিলেটের ওসমানীনগর উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **১৯,০০০/- (উনিশ হাজার)** টাকা এবং হবিগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মো: আল-আমিনের নেতৃত্বে হবিগঞ্জের মাধবপুর উপজেলায় **৫টি** প্রতিষ্ঠানকে **১৭,০০০/- (সতের হাজার)** টাকাসহ মোট **৬৭,০০০/- (সাতষট্টি হাজার)** টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা এবং মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক জনাব আতিয়া সুলতানা কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে Souvlaki Kabab and Restaurant কে **১০,০০০/- (দশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **২,৫০০/- (দুই হাজার পাঁচশত)** টাকা প্রদান করা হয়।

আজকের **৫টি** বাজার তদারকির ও **১টি** লিখিত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে **১৮টি** প্রতিষ্ঠানকে মোট **২,৪৭,০০০/- (দুই লক্ষ সাতচল্লিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানা হতে **১ জন** অভিযোগকারীকে মং **২,৫০০/- (দুই হাজার পাঁচশত)** টাকা প্রদান করা হয়। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, বাজার কর্মকর্তা, স্যানেটারী ইন্সপেক্টর এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করেন। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে।

স্বাক্ষরিত/-
(রিনা বেগম)
সহকারী পরিচালক (কার্যক্রম)
ফোনঃ ০২-৮১৮৯৪১১
ই-মেইলঃ ad-operation@dncrp.gov.bd

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মহাপরিচালক, র‌্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৩। পুলিশ কমিশনার, ঢাকা, খুলনা ও সিলেট মহানগর।
৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৬। জেলা প্রশাসক, ঢাকা, কিশোরগঞ্জ, কুষ্টিয়া, সিলেট ও হবিগঞ্জ।
৭। পুলিশ সুপার, ঢাকা, কিশোরগঞ্জ, কুষ্টিয়া, সিলেট ও হবিগঞ্জ।
৮। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১০। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।